
বিসমিল্লাহির রাহমানির রাহীম
স্বাগতম

# পরিচয়

মোঃ কবির হোসেন
প্রভাষক (অর্থনীতি)
বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

# অর্থনীতি পরিচয়

শ্রেণী ঃ নবম ও দশম

## অর্থনীতির উৎপত্তি ও বিকাশ
## এবং
## মৌলিক অর্থনৈতিক সমস্যা ও সমাধান

# অর্থনীতির উৎপত্তি ও বিকাশ




- শিকারভিত্তিক অর্থনীতি
- দলভিত্তিক কাজ
- উৎপাদন ও ভোগ


খ্রিষ্টপুর্ব ২৫০০ অব্দে হিব্রু সভ্যতার যুগে ধর্মগ্রন্থে বা দর্শনের বইয়ে অর্থনীতি বিষয়ে সরলভাবে কিছু আলোচনা হতো। উৎপাদন, ভোগ ও সংসার পরিচালনার বিদ্যাকেই অর্থনীতি বলা হতো।

গ্রিক সভ্যতার বিখ্যাত দুই চিন্তাবিদ প্লেটো ও এরিষ্টটল ব্যক্তিগত সম্পত্তি, শ্রমিকের মজুরি, দাসপ্রথা ও সুদসহ অর্থনীতির অনেক মৌলিক বিষয় নিয়ে আলোচনা করেছেন।

# অর্থনীতির উৎপত্তি ও বিকাশ




প্রাচীন ভারতে চতুর্থ খ্রিষ্টপূর্বে কৌটিল্যের অর্থশাস্ত্রে বৃহত্তর পরিসরে সারা দেশের রাজনীতি, সমাজ, অর্থনীতি এবং সামরিক বিষয়ের উপর আলোকপাত করেন।




১৫৯০ থেকে ১৭৮০ সাল পর্যন্ত ইংল্যান্ড, ফ্রান্স ও ইতালিতে আন্তর্জাতিক বাণিজ্যের প্রসার লাভ করে এবং বাণিজ্যবাদের উদ্ভব হয়।

# অর্থনীতির উৎপত্তি ও বিকাশ





১৮শ শতাব্দীর মাঝামাঝি সময়ে ফরাসিরা বাণিজ্যবাদের বিপক্ষে অবস্থান নিয়ে ভূমিবাদ মতবাদ প্রদান করেন। তাদের মতে কৃষিই হলো উৎপাদনশীল খাত এবং শিল্প ও বাণিজ্য উভয়ই অনুৎপাদনশীল খাত।

১৭৭৬ সালে অ্যাডাম স্মিথ তার বিখ্যাত বই "An Inquiry into the Nature and Causes of the Wealth of Nation" রচনা করেন এবং অর্থনীতি একটি স্বতন্ত্র বিষয় হিসেবে স্বীকৃতি পায়।

# অর্থনীতির সংজ্ঞা

অর্থনীতির ইংরেজী শব্দ Economics গ্রিক শব্দ Oikonomia থেকে এসেছে। Oikonomia অর্থ গৃহস্থালির ব্যবস্থাপনা (Management of Household)

" অর্থনীতি এমন একটি বিজ্ঞান, যা জাতিসমূহের সম্পদের ধরণ ও কারণ অনুসন্ধান করে।"

অ্যাডাম স্মিথ

"অর্থনীতি এমন একটি বিজ্ঞান, যা অসীম অভাব এবং বিকল্প ব্যবহারযোগ্য দুস্প্রাপ্য উপকরণসমূহের মধ্যে সমন্বয় সাধনকারী কার্যাবলী আলোচনা করে।"

অধ্যাপক এল রবিন্স

"অর্থনীতি মানবজীবনের সাধারণ কার্যাবলী আলোচনা করে।"

অধ্যাপক আলফ্রেড মার্শাল

# মৌলিক অর্থনৈতিক সমস্যা

দুস্প্রাপ্যতা


অসীম
অভাব

# দুস্প্রাপ্যতা


RESOURCES
WANTS
2. The Basic Economic Problem
OUTSTANDING
resources


SCARCITY
of a resource
implies natural
limitation in the
availability of a
resource, whereas
SHORTAGE
means temporary
and man-made
unavailability.

# দুস্প্রাপ্যতা




মানুষের অভাব পূরণের জন্য যে পরিমাণ সম্পদ প্রয়োজন, সে পরিমাণ সম্পদ প্রকৃতিতে যোগান নেই। কিংবা প্রকৃতিতে সম্পদের যোগান থাকলেও তা মানুষের নাগালের বাহিরে। প্রয়োজনীয় সম্পদের এ অভাবকেই অর্থনীতিতে দুস্প্রাপ্যতা বলে।

# অসীম অভাব

মানবজীবনে অভাব অসীম। ঠিক একই সাথে অভাব পূরণের জন্য সম্পদ সীমিত। মানুষের একটি অভাব পূরণের সাথে অনেক অভাব সামনে আসে। যেমন- মানুষের মৌলিক চাহিদা পূরণ হবার সাথে সাথে তার বিলাসজাত দ্রব্য ও সেবা গ্রহণের অভাব দেখা দেয়। এভাবে মানুষের জীবনে একইসাথে অনেক অভাব দেখা দেয়। অভাব পূরণের জন্য সম্পদ সীমিত, যার কারণে সকল অভাব একসাথে পূরণ করা যায় না।কিন্তু সব অভাব তার জন্য সমান গুরুত্বপূর্ণ নয়। মানুষকে সকল অভাবের মধ্যে থেকে তার প্রয়োজন অনুযায়ী গুরুত্বপূর্ণ অভাব বাছাই করতে হয়। অনেক অভাবের মধ্যে থেকে গুরুত্বপূর্ণ অভাব বাছাই করাকে নির্বাচন বলে।

# নির্বাচন











# নির্বাচন












সীমিত সম্পদের কারণে মানুষের সকল অভাব একসাথে পূরণ করা সম্ভব হয় না। আবার মানুষের জীবনে সকল অভাবের গুরুত্ব একই রকম নয়।এ জন্যই মানুষকে অভাব নির্বাচন করতে হয়। একাধিক অভাবের মধ্য থেকে অধিক গুরুত্বপূর্ণ অভাব বাছাই করাকেই নির্বাচন বলে।

# উৎপাদন সম্ভাবনা রেখা

উৎপাদন সম্ভাবনা রেখা হলো এমন একটি রেখা, যা সম্পদের পূর্ণ ব্যবহারের মাধ্যমে উৎপাদনযোগ্য দুটি দ্রব্যের সকল সম্ভাব্য সংমিশ্রণ প্রকাশ করে।





চিত্র ঃ উৎপাদন সম্ভাবনা রেখা

সমাজের মোট সম্পদ দ্বারা ১২০(A) একক Y দ্রব্য অথবা ১০০(E) একক X দ্রব্য উৎপাদন করতে পারে। যদি দুইটি দ্রব্যই উৎপাদন করতে হয় তাহলে X ও Y দ্রব্যের মধ্যে বিভিন্ন সমন্বয়ে উৎপাদন করতে হবে। যেমন- ১০০ একক Y দ্রব্য এবং ৬০ একক X দ্রব্য উৎপাদন করা যায়। যা B বিন্দু দ্বারা দেখানো হয়েছে। আবার ৮০ একক দ্রব্য Y ও ৮০ একক X দ্রব্য অথবা ৬০ একক Y দ্রব্য ও ৯০ একক X দ্রব্য উৎপাদন করা যায়। যা যথাক্রমে C ও D বিন্দু দ্বারা দেখানো হয়েছে। এখন বিভিন্ন উৎপাদন নির্দেশক বিন্দুগুলো যথাক্রমে A, B, C, D ও E বিন্দু যোগ করে আমরা AE রেখা পায়। এখানে AE উৎপাদন সম্ভাবনা রেখা।এখানে F বিন্দুতে উৎপাদন করা সম্ভব নয়। কারণ সমাজের মোট সম্পদ সীমিত।

# সুযোগ ব্যয়




OPPORTUNITY COST
Alternative NOT CHOSEN
Alternative CHOSEN
Opportunity Cost
Would earn
Will be spent
20
10
30
1 Hour Work
1 Hour Partying
The Opportunity Cost of 1 Hour Partying

Opportunity Cost
STUDY = A+
FREE TIME = F
BENEFIT
LOSS

# সুযোগ ব্যয়

একটি দ্রব্যের অতিরিক্ত উৎপাদন পাওয়ার জন্য অপর দ্রব্যের উৎপাদন যতটুকু ছেড়ে দিতে হয় , ঐ ছেড়ে দেওয়ার পরিমাণই হলো সুযোগ ব্যয়। অর্থ্যাৎ, ত্যগকৃত সুযোগই হলো সুযোগ ব্যয়।




চিত্র ঃ সুযোগ ব্যয়

প্রাথমিক অবস্থায় উৎপাদক যদি $oy_1$ পরিমাণ Y দ্রব্য ও $ox_1$ পরিমাণ X দ্রব্য উৎপাদন করে। যা AD উৎপাদন সম্ভাবনা রেখায় B বিন্দুতে দেখানো হয়েছে। এখন উৎপাদক যদি X দ্রব্যের উৎপাদন $x_1$ হতে $x_2$ পর্যন্ত বৃদ্ধি করতে চায় তাহলে Y দ্রব্যের উৎপাদন $y_1$ $y_2$ পরিমাণ কমাতে হবে। যা AD রেখার Cবিন্দুতে দেখানো হয়েছে। সুতরাং, $x_1x_2$ পরিমাণ X দ্রব্যের সুযোগ ব্যয় হলো $y_1$ $y_2$ পরিমাণ Y দ্রব্য।

# অর্থনীতির দশটি নীতি

মানুষকে পেতে হলে ছাড়তে হয়

সুযোগ ব্যয়

যুক্তিবাদী মানুষ প্রান্তিক পর্যায় নিয়ে চিন্তা করে

মানূষ প্রণোদনায় সাড়া দেয়

বাণিজ্যে সবাই উপকৃত হয়

# অর্থনীতির দশটি নীতি

অর্থনৈতিক কার্যক্রম সংগঠিত করার জন্য সচরাচর বাজার একটি উত্তম


সরকার কখনো কখনো বাজার নির্ধারিত ফলাফলের উৎকর্ষ সাধন করতে পারে

একাট দেশের মানুষের জীবনযাপনের মান নির্ভর করে সে দেশের দ্রব্য ও সেবার উৎপাদন ক্ষমতার উপর

যখন সরকার অতি মাত্রায় মুদ্রা ছাপায়, তখন দ্রব্যমূল্য বেড়ে যায়

সমাজে মুদ্রাস্ফীতি ও বেকারত্বের মধ্যে স্বল্পকালীন বিপরীত সম্পর্ক বিরাজ করে

# আয়ের বৃত্তাকার প্রবাহ (দুই খাত)



# অর্থনৈতিক ব্যবস্থা

যে প্রক্রিয়ার অধীনে দেশের প্রাপ্ত সম্পদের ব্যাহার করে উৎপাদিত দ্রব্য ও সেবার বন্টন হয়, তাকে অর্থনৈতিক ব্যবস্থা বলে।

পৃথিবীতে প্রচলিত অর্থনৈতিক ব্যবস্থা মোট চারটি। যথা-

- ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা
- সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা
- মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা
- ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা

# ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা

সম্পদের ব্যক্তি মালিকানা

ব্যক্তিগত উদ্যোগ

অবাধ প্রতিযোগিতা

স্বয়ংক্রীয় দামব্যবস্থা

মুনাফা অর্জন

# ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা

ভোক্তার স্বাধীনতা

আয় বৈষম্য

সরকারের ভূমিকা

# সমাজতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা

যে অর্থনীতিতে সামাজের অধিকাংশ সম্পদ ও উৎপাদনের উপাদানের উপর রাষ্ট্রের বা সমাজের মালিকানা প্রতিষ্ঠিত থাকে। কোন কোন দ্রব্য, কী পরিমাণে, কীভাবে এবং কার জন্য উৎপাদিত হবে তা সরকার বা রাষ্ট্র নির্ধারণ করে।

- সম্পদের রাষ্ট্রীয় বা সামাজিক মালিকানা
- কেন্দ্রীয় পরিকল্পনা
- ভোক্তার স্বাধীনতা
- অবাধ প্রতিযোগিতার অভাব
- ব্যক্তিগত মুনাফার অভাব

# মিশ্র অর্থনৈতিক ব্যবস্থা

যে অর্থব্যবস্থায় ব্যক্তিমালিকানা ও বেসরকারি উদ্যোগের পাশাপাশি সরকারি উদ্যোগ ও সামাজিক নিয়ন্ত্রন বিরাজ করে তাকে মিশ্র অর্থব্যবস্থা বলে। এ অর্থব্যবস্থায় ব্যক্তিগত ও সরকারি উদ্যোগ সম্মিলিত ভূমিকা পালন করে।

- সম্পদের ব্যক্তিগত, সমবায় ও সরকারি মালিকানা
- ব্যক্তিগত উদ্যোগ
- সরকারি উদ্যোগ
- মুনাফা অর্জন
- ভোক্তার স্বাধীনতা

# ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা

ইসলামী মৌলিক নিয়ম-কানুনের উপর বিশ্বাসকে ভিত্তি করে যে অর্থব্যবস্থা গড়ে উঠে তাকে ইসলামী অর্থব্যবস্থা বলে ।

- সম্পদের মালিক আল্লাহ
- ইসলাম ধর্মে বিশ্বাস
- সুদমুক্ত আমানত
- যাকাত ও ফিতরা

# অর্থনৈতিক সমস্যা সমাধানের বিভিন্ন কর্মপর্যায়


- উৎপাদন
- বিনিময়
- ভোগ
- বন্টন

# বিভিন্ন অর্থব্যবস্থায় মৌলিক অর্থনৈতিক সমস্যাগুলো সমাধানের উপায়

## ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থা

স্বয়ংক্রিয় দাম ব্যবস্থাঃ

ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় মুক্তবাজার অর্থনীতি চালু থাকায়  বাজার ব্যবস্থা নিয়ন্ত্রিত হয় স্বয়ংক্রীয় দাম ব্যবস্থার মাধ্যমে। দ্রব্যের চাহিদা ও যোগানের ঘাত প্রতিঘাতে দাম নির্ধারিত হওয়াকে স্বয়ংক্রীয় দাম ব্যবস্থা বলে।




ধনতান্ত্রিক অর্থনীতি ব্যবস্থায় কি উৎপাদন করতে হবে, কিভাবে উপার্জন করতে হবে, কার জন্য উৎপাদন করতে হবে সবকিছু বেসরকারিভাবে নির্ধারিত হয়।

# বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থা

- সরকারি বিনিয়োগ
- বেসরকারি বিনিয়োগ
- সরকারি ও বেসরকারি খাতের সহযোগ
- অর্থনৈতিক পরিকল্পনা
- সম্পদের ব্যক্তি মালিকানা
- দাম প্রক্রিয়া

# বাংলাদেশেরঅর্থনৈতিক ব্যবস্থা

- মুনাফার উপস্থিতি
- মজুরি
- শ্রমিকের স্বার্থ সংরক্ষণ
- ক্রেতা ও বিক্রেতার স্বাধীনতা
- সরকারি নিয়ন্ত্রণ
- মূলধন গঠন
- সামাজিক নিরাপত্তা

# আপনার জিজ্ঞাসা



# আমরা যা শিখলাম

- অর্থনীতির উৎপত্তি ও ইতিহাস
- বাণিজ্যবাদ
- ভূমিবাদ
- অর্থনীতির সংজ্ঞা
- মৌলিক অর্থনৈতিক সমস্যা
- উৎপাদন সম্ভাবনা রেখা
- সুযোগ ব্যয়
- জাতীয় আয়ের চক্রাকার প্রবাহ
- বিভিন্ন অর্থনৈতিক ব্যবস্থা
- বাংলাদেশে বিদ্যমান অর্থনৈতিক ব্যবস্থা


ধন্যবাদ